



বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

১৩৭-১৩৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

www.bscic.gov.bd

স্মারক নং-৩৬.০২.০০০০.০০৩.১১.০১৭.১৯(অংশ-৩)/৩০২০

তারিখ: ০৮ পৌষ ১৪২৬
২৩ ডিসেম্বর ২০১৯

মৌখিক পরীক্ষার নিমিত্ত সনদপত্রাদি/কাগজাদি জমাদান

শিল্প মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) এর রাজস্বখাতের শূন্য পদসমূহে (গ্রেড ১৩ থেকে ২০) প্রতিযোগিতামূলক লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের আগামী ০৭ জানুয়ারি ২০২০ খ্রি: তারিখ বিকাল ৫টার মধ্যে সরাসরি/ডাক/কুরিয়ার সার্ভিস মারফত সচিব, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক), বিসিক ভবন, ১৩৭-১৩৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ বরাবর প্রার্থীর নিজ স্বাক্ষরযুক্ত স্বহস্তে লিখিত পত্রের সাথে নিম্নবর্ণিত সনদপত্রাদি/কাগজাদি (০১ সেট) জমাদান করতে অনুরোধ করা হলো:

- (ক) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সাম্প্রতিক তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (ছবির পিছনে প্রার্থীর নাম ও রোল নম্বর স্পষ্ট করে লিখিত);
- (খ) শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্রাদির প্রযোজ্য ক্ষেত্রে- ক্রমানুসারে যেমন: অষ্টম শ্রেণি/সমমান>এসএসসি>এইচএসসি>ডিগ্রি/স্নাতক সমমান) সত্যায়িত কপি;
- (গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি করপোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;
- (ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
- (ঙ) প্রবেশপত্রের অনুলিপি;
- (চ) Applicant's Copy এর অনুলিপি;
- (ছ) যথাযথভাবে পূরণ ও স্বাক্ষরপূর্বক প্রাক-চাকরি বৃত্তান্ত যাচাই ফরম (পুলিশ ভেরিফিকেশন ফরম); (www.bscic.gov.bd ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে)
- (জ) অনলাইন আবেদনপত্রে উল্লিখিত মুক্তিযোদ্ধার সন্তান বা নাতি/নাতনি, আনসার, ভিডিপি, এতিম, প্রতিবন্ধী, উপজাতীয় প্রভৃতি কোটার স্বপক্ষে উপযুক্ত প্রমাণপত্রের ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি;
- (ঝ) প্রার্থী উপজাতীয় সম্প্রদায়ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদের ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি;
- (ঞ) 'O' Level/'A' Level পরীক্ষায় উত্তীর্ণ হলে অথবা বিদেশি শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রিপ্রাপ্ত হলে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষাবোর্ড/বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান শ্রেণি/বিভাগ/জিপিএ এর সনদপত্রাদি;
- (ট) অনলাইন আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় অন্যান্য কাগজপত্রাদি/অভিজ্ঞতা সনদ;
- (ঠ) কোনো প্রার্থী সরকারের অনুমতি সাপেক্ষে বিদেশি নাগরিককে বিবাহ করলে সরকার কর্তৃক প্রদত্ত বিবাহের অনুমতিপত্রের অনুলিপি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।


উল্লেখ্য, নির্ধারিত তারিখ ও সময়ের পরে কাগজপত্রাদি জমা প্রদান করলে বা বিসিকের হস্তগত হলে সংশ্লিষ্ট প্রার্থীকে কোনোক্রমেই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবেনা।

বি.দ্র: ১. ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ কাগজাদি বাতিল বলে গণ্য হবে।

২. সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত সংস্থাসহ বেসরকারি ব্যাংক, বিমা ও আর্থিক প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে উল্লিখিত কাগজপত্রাদি তাদের স্ব-স্ব নিয়োগ কর্তৃপক্ষের মাধ্যমে সচিব, বিসিক, বিসিক ভবন, ১৩৭-১৩৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ বরাবর প্রেরণ করতে হবে।

৩. মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকারের প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষা) তারিখ, সময় ও স্থান পরবর্তীতে বিসিক নোটিশ বোর্ড ও ওয়েবসাইট এবং জাতীয় দৈনিকে প্রকাশ করা হবে।

৪. উল্লিখিত কাগজাদির মূল কপি মৌখিক পরীক্ষার দিন অবশ্যই সাথে আনতে হবে।


(মোস্তাক আহমেদ)
সচিব
বিসিক, ঢাকা।
ফোনঃ ৯৫৫৩৪৯০।
১৮